# তপশিলী জাতি কল্যাণ দপ্তর
## ত্রিপুরা সরকার

রাজ্যে তপশিলী জাতিভুক্ত সম্প্রদায়ের উন্নয়নের জন্য রাজ্য ও কেন্দ্রীয় প্রকল্পগুলি বাস্তবায়নে রাজ্য সরকারের তপশিলী জাতি কল্যাণ দপ্তরের মাধ্যমে নিম্নপ্রকল্পগুলি এগিয়ে চলছে :

১। **মাধ্যমিকোত্তর বৃত্তি :-** (একাদশ শ্রেণী থেকে স্নাতকোত্তর পর্যন্ত্য) একাদশ শ্রেণী থেকে কলেজ /বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত্য সমস্ত যোগ্য তপশিলী জাতির ছাত্র-ছাত্রীদের মাধ্যমিকোত্তর স্কলারশীপ প্রদান করা হয় । পরিবার পিছু বাৎসরিক আয় ২.৫০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকার নিরিখে । বৃত্তির পরিমান:- নূন্যতম ২,৭০০/- টাকা এবং অধিকতম ৪,১২,০০০/- টাকা ।

২। **প্রাক্ মাধ্যমিক বৃত্তি :-** নবম ও দশম শ্রেণী পর্যন্ত সমস্ত্য যোগ্য তপশিলী জাতির ছাত্র-ছাত্রীদের প্রাক্ মাধ্যমিক বৃত্তি প্রদান করা হয় । পরিবার পিছু বাৎসরিক আয় ২.৫০(দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) সীমিত তাদেরকে এই বৃত্তি প্রদান করা হয় । বাৎসরিক বৃত্তির পরিমান:- ছাত্রাবাস বৃত্তি -৬,২৫০/- টাকা এবং ছাত্রাবাস বর্হিভূত বৃত্তি - ৩,০০০/- টাকা ।

৩। **অপরিচ্ছন্ন কাজে নিযুক্ত পরিবারের সন্তান-সন্ততির জন্য প্রাক-মাধ্যমিক বৃত্তি :-** প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত্য অপরিচ্ছন্ন কাজে নিযুক্ত পরিবারের ছাত্র-ছাত্রীদের বৎসরে ১০ (দশ) মাসের জন্য এই বৃত্তি প্রদান করা হয় । বাৎসরিক বৃত্তির পরিমান :- ছাত্রাবাস বৃত্তি- ৮,০০০/- টাকা (তৃতীয় শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত্য) এবং ছাত্রাবাস বর্হিভুত বৃত্তি ৩,০০০/- টাকা (প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত্য )

৪। **প্রাক্ মাধ্যমিক বৃত্তি :-** (ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত্য) -ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত্য সমস্ত যোগ্য তপশিলী জাতি ছাত্র-ছাত্রীদের প্রাক্ মাধ্যমিক বৃত্তি প্রদান করা হয় । প্রত্যেক ছাত্র ও ছাত্রীদেরকে প্রতি মাসে ৪০ টাকা হারে মোট ৪০০ টাকা প্রদান করা হয় ।

৫। **প্রধান মন্ত্রী আদর্শ গ্রাম যোজনা :-** কেন্দ্রীয় সরকারের বিশেষ আর্থিক অনুদানের মাধ্যমে রাজ্যের বিভিন্ন জেলায় ও মহকুমায় তপশিলী জাতি অধ্যুষিত চিহ্নিত গ্রামগুলির পরিকাঠামোগত উন্নয়ন প্রকল্প রূপায়ন । রাজ্যে মোট ৩০টি রেভেনিও ভিলেজকে এই প্রকল্পের আওতায় ঘোষনা করা হয়েছে।

৬। **বাবু জগজীবন রাম ছাত্রাবাস যোজনা :-** কেন্দ্রীয় সরকারের বিশেষ আর্থিক অনুদানের মাধ্যমে তপশিলী জাতি ভুক্ত ছাত্র-ছাত্রীদের শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে ছাত্রাবাস / ছাত্রীনিবাস নির্মাণ প্রকল্প রূপায়ন ।

৭। **জনাধিকার বিধি ১৯৫৫ ইং এর বাস্তবায়ন এবং জি. এস. আর ৩১৬ (ই)১৯৮৯ আইনানুযায়ী তপশিলী জাতি ও তপশিলী উপজাতির উপর নৃশংসতা রোধ বিষয়ক ব্যবস্থাদি :-** উক্ত বিষয়ে মহকুমা ও জেলা স্তরে সময়ে সময়ে সেমিনার এবং প্রচারের মাধ্যমে জনগনকে সচেতন করা হচ্ছে । তাছাড়া ক্ষতিগ্রস্থ ব্যক্তি (SC) দেরকে আর্থিক অনুদানের ব্যবস্থা রয়েছে ।

৮। **বিশেষ কেন্দ্রীয় অনুদান :-** এস .সি .এ - এস .সি এস .পি প্রকল্পে তপশিলী জাতি গোষ্ঠির উন্নয়নে কৃষি, উদ্যান, পশুপালন, মৎস্য চাষ, স্বাস্থ্য ,শিক্ষা, পানীয় জল, যোগাযোগ, বিদ্যুৎ ও সেচ ইত্যাদি ক্ষেত্রে প্রকল্প রূপায়ন করা হয় ।

**৯। ত্রিপুরা তপশিলী জাতি উন্নয়ন নিগমের মাধ্যমে ঋণ প্রদান :-** অর্থনৈতিক ভাবে অনগ্রসর তপশিলী জাতি জনগনকে আর্থিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে ছোট ব্যবসা, পরিবহন ক্ষেত্র এবং বিভিন্ন প্রকল্পে স্বল্পসুদে ঋণ প্রদান করা হয়।

**১০। ড. বি. আর. আম্বেদকর মেধা পুরস্কার :-** তপশিলী জাতি ভুক্ত ছাত্রছাত্রীরা ষষ্ঠ ,সপ্তম, অষ্টম, নবম শ্রেণীর বার্ষিক পরীক্ষায় এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৬০ (ষাট) শতাংশ ও ততোধিক নম্বর প্রাপ্তদের উক্ত পুরস্কার প্রদান করা হয় । পুস্কারের হার :-ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত্য উত্তীর্ণ-৪০০/-টাকা ,নবম শ্রেণী উত্তীর্ণ -৭০০ টাকা এবং মাধ্যমিক/ উচ্চ-মাধ্যমিক উত্তীর্ণ - ১,৫০০/- টাকা ।

**১১। ছাত্রাবাস বৃত্তি :-**তপশিলী জাতি ভুক্ত ছাত্র-ছাত্রীদের শিক্ষার মান উন্নয়নের জন্য ছাত্রাবাস বৃত্তি প্রদান করা হয় । প্রত্যেক ছাত্র ছাত্রীদেরকে দৈনিক ৬৫ টাকা হারে বৎসরে সর্বোচ্চ ৩২২ দিনের জন্য খাওয়া এবং পরিচ্ছন্ন ভাতা প্রদান করা হয় ।

**১২। তপশিলী জাতি ছাত্র / ছাত্রীনিবাসগুলিতে বাসনপত্র ও আসবাবপত্র :-** তপশিলী জাতি ছাত্র/ছাত্রীনিবাস গুলিতে বাসনপত্র ও আসবাবপত্র প্রদান করা হয় ।

**১৩। তপশিলী জাতি ছাত্র /ছাত্রীনিবাস মেরামত ও রক্ষনা বেক্ষন :-** রাজ্য সরকারের প্রদেয় আর্থিক সহায়তায় নির্ধারিত ছাত্র/ছাত্রীনিবাসগুলি মেরামত ও রক্ষনা বেক্ষন করা হয়।

**১৪। তপশিলী জাতি গরীব ব্যক্তিদের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা :-** দরিদ্র সীমার নিচে বসবাসকারী তপশিলী জাতিভুক্ত জনগনকে রাজ্যের অভ্যন্তরে / বর্হিরাজ্যে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয় । রাজ্যের অভ্যন্তরে সরকারী চিকিৎসালয়ে চিকিৎসার জন্য সর্বমোট ৯,০০০/- টাকা এবং বর্হিরাজ্যে চিকিৎসার জন্য সর্বমোট ১৫,০০০/- টাকা ।

**১৫। তপশিলী জাতি ছাত্র-ছাত্রীদের TET-I / TET-II / TCS / TPS / JEE / Short Hand / বিশেষ প্রশিক্ষণ :-** তপশিলী জাতি ভুক্ত বেকার যুবক- যুবতীদের প্রাক্ নিয়োগ ভিত্তিক বিভিন্ন পেশাগত ও কারিগরী কোর্সে প্রশিক্ষনের ব্যবস্থা করা হয় ।

**১৬। বিভিন্ন পেশাগত পাঠ্যক্রমে পড়াশুনার জন্য তপশিলী জাতি ছাত্র-ছাত্রীদের এককালীন আর্থিক সহায়তা :-**তপশিলী জাতিভুক্ত ছাত্র-ছাত্রীদেরকে উচ্চ শিক্ষায় পাঠ্যক্রমের জন্য এককালীন আর্থিক সহায়তা প্রাদন করা হয়। প্রত্যেক যোগ্যতা সম্পন্ন ছাত্র ছাত্রীদেরকে মোট ১,০০,০০০/-টাকা দুই কিস্তিতে প্রদান করা হয়।

**১৭। মুখ্যমন্ত্রী স্ব-নির্ভর পরিবার যোজনা :-** তপশিলী জাতি ভুক্ত বেকার যুবক-যুবতীদের স্ব-নির্ভর করার জন্য মুখ্যমন্ত্রী স্ব-নির্ভর পরিবার যোজনা বাস্তবায়ন হচ্ছে । এই প্রকল্পে মৎস্য পালন ও পশুপালনের জন্য সহায়তা প্রদান করা হচ্ছে ।

**১৮। তপশিলী জাতি ভুক্ত আবাসিক ছাত্র/ছাত্রীদের বিশেষ প্রশিক্ষণ :-** তপশিলী জাতি ভুক্ত আবাসিক ছাত্র/ ছাত্রীদের মধ্যে বিশেষ করে ষষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত্য পাঠরতদের অংক,ইংরেজী এবং বিজ্ঞান বিষয়ে জ্ঞান অর্জনের লক্ষ্যে বছরে ১০ মাসের বিশেষ প্রশিক্ষনের ব্যবস্থা করা হয় ।